

আহকামুয-যাকাত প্রতিযোগিতা-১৪৪৫হি./২০২৪খ্রী. যাকাত সম্পর্কিত প্রশ্ন ও উত্তর

১. যাকাত শব্দের অর্থ কী?

উত্তর: যাকাত শব্দের অর্থ: বৃদ্ধি পাওয়া।

২. যাকাত ইসলামের কততম স্তম্ভ?

উত্তর: চতুর্থ স্তম্ভ।

৩. ইসলামে যাকাতের হুকুম কী?

উত্তর: ফরয।

৪. মানব সমাজের ভারসাম্যপূর্ণ অর্থনীতির মূল ভিত্তি কী?

উত্তর: যাকাত।

৫. যাকাত শব্দটি পবিত্র কুরআনে কতবার এসেছে?

উত্তর: ৩২ বার।

৬. যাকাত কত % হারে আদায় করতে হয়?

উত্তর: ২.৫% হারে।

৭. যদি কোনো এলাকার মানুষ যাকাত ফরজ হওয়ার পর আদায় না করে তাহলে তাদের ওপর কোন ধরনের শাস্তি

আসতে পারে?

উত্তর: অনাবৃষ্টি।

৮. নামাজের পর কুরআনে কীসের কথা সবচেয়ে বেশি উল্লেখ্য করা হয়েছে?

উত্তর: যাকাত।

৯. নিচের কোনটি আর্থিক ইবাদত?

ক. রোযা, খ. নামাজ, গ. যাকাত

উত্তর: যাকাত।

১০. নিচের কোনটি ধনসম্পদ বৃদ্ধিকারী ইবাদত?

ক. হাদিয়া খ. কুরবানী গ. যাকাত

উত্তর: যাকাত

১১. যাকাত আদায় না করলে আখিরাতে কী শাস্তি দেওয়া হবে?

উত্তর: তার সম্পদ সাপের আকৃতি গ্রহণ করে তাকে ধ্বংস করবে।

১২. যাকাত আদায়ের প্রধান উদ্দেশ্য কী?

উত্তর: ধনী ও গরীবের মধ্যে অর্থনৈতিক ভারসাম্য রক্ষা করা।

১৩. নিম্নলিখিত কোন শ্রেণির মানুষ যাকাত পাওয়ার যোগ্য নয়?

ক. অমুসলিম খ. মুসলিম গ. দরিদ্র

উত্তর: অমুসলিম।

১৪. যাকাত প্রদানকারী বছরে কতবার যাকাত আদায় করবেন?

উত্তর: বছরে একবার।

১৫. যাকাত কীসের ওপর ভিত্তি করে নির্ধারণ করা হয়?

উত্তর: সম্পদের পরিমাণের ওপর।

১৬. যাকাত অস্বীকারকারী ব্যক্তি কী?

উত্তর: কাফির।

১৭. যাকাত প্রদান করা কার নির্দেশ?

উত্তর: আল্লাহ তায়ালার।

১৮. কুরআনে কয়টি সূরায় যাকাতের আলোচনা এসেছে?

উত্তর: ২১টি।

১৯. সাহেবুল মাল দিয়ে কী বুঝায়?

উত্তর: যে মুসলিমের ওপর যাকাত ফরয হয়েছে।

২০. যাকাত সম্পর্কিত একটি আয়াত বলো:

উত্তর:

وأقيموا الصلاة وآتوا الزكاة واركعوا مع الراكعين